DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:14 PM

সারাদেশ

# নবীনগরে র‍্যাব সদস্যদের ওপর হামলা: মামলার পলাতক আসামি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে র‍্যাব সদস্যদের ওপর সংঘবদ্ধ হামলার ঘটনায় দায়ের করা মামলায় মো. জজ মিয়া (৫৫) নামে এক পলাতক আসামিকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৯।

মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুর ১টা ১০ মিনিটের দিকে ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরের নিয়াজ মোহাম্মদ স্টেডিয়ামের প্রধান ফটকের সামনে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়ার একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে। র‍্যাব জানায়, নবীনগর থানায় দায়ের করা মামলা নম্বর-২১, তারিখ ১৩ মে ২০২৬-এর তদন্তে প্রাপ্ত পলাতক আসামি হিসেবে জজ মিয়াকে গ্রেপ্তার করা হয়েছে। মামলাটি দণ্ডবিধি, ১৮৬০-এর বিভিন্ন ধারায় করা হয়েছে।

গ্রেপ্তার জজ মিয়া ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার খাগাতুয়া পশ্চিমপাড়ার বাসিন্দা। তিনি মৃত হাজী হরন মিয়ার ছেলে।

র‍্যাব সূত্রে জানা গেছে, নবীনগরে সফিক ডাকাত ও তাঁর বাহিনীর সদস্যদের বিরুদ্ধে র‍্যাব সদস্যদের ওপর সংঘবদ্ধ হামলার অভিযোগে মামলাটি করা হয়। এ মামলায় এর আগে ১১ জন আসামিকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৯।

গ্রেপ্তার জজ মিয়াকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নবীনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

র‍্যাব-৯ জানিয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তাদের গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

---




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/nbingre-rjab-sdsjder-opr-hamla-mamlar-platk-asami-greptar